



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএডআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ হুমায়ুন খালিদ ভূইয়া-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

সূত্র : (১) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সাগরদিঘী উচ্চ বিদ্যালয় কর্তৃক জনাব মোঃ হুমায়ুন খালিদ ভূইয়া-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ হুমায়ুন খালিদ ভূইয়া-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা- (১) এসএসসি ২০১৯ এর ০৯/০২/২০১৯ তারিখে গণিত প্রশ্নপত্র টাকার বিনিময়ে ফাঁস করে ভ্রাম্যমান আদালত কর্তৃক দণ্ডিত হওয়া, (২) বিলুপ্ত ম্যানেজিং কমিটির সভাপতির সঙ্গে আর্তাতের মাধ্যমে অর্থ আত্মসাত, (৩) ৮ম ও ৯ম শ্রেণির রেজিঃ এবং বেতন বাবদ উত্তোলিত অর্থ আত্মসাত, (৪) সনদপত্র, প্রসংশাপত্র বিক্রয় লব্ধ অর্থ আত্মসাত, (৫) ক্ষমতার অপব্যবহার, স্বজনপ্রীতি, অদক্ষতা, ছুটি না নিয়ে অনুপস্থিত, শৃঙ্খলা পরিপন্থী কাজ করা, (৬) নিজের স্ত্রীকে জালিয়াতের মাধ্যমে এমপিও করণ, (৭) বিগত ১৩/০৬/২০১৬ তারিখে পদত্যাগ করা সত্ত্বেও ৭ মাস ২৪ দিন পর কোন প্রকার বিধি-বিধান প্রতিপালন না করে বিদ্যালয়ে জোরপূর্বক প্রবেশ ইত্যাদি অভিযোগের কারণে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে।

২। বোর্ডের ২০/১১/২০১৯ আপীল এন্ড আরবিট্রেশন কমিটি প্রাপ্ত অভিযোগসমূহ পূঙ্খানুপূঙ্খ বিশ্লেষণপূর্বক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ হুমায়ুন খালিদ ভূইয়া-কে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তকরণের সিদ্ধান্তের বিষয়টি সর্বসম্মতভাবে অনুমোদন করেছে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
সাগরদিঘী উচ্চ বিদ্যালয়
পোঃ- লোহানী সাগরদিঘী, উপজেলা- ঘাটাইল
জেলা- টাঙ্গাইল।


স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

মেমো নং- ১২২৩ (১০)

তারিখ : ২০/১১/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ঘাটাইল, টাঙ্গাইল।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সাগরদিঘী উচ্চ বিদ্যালয়।
- ৮। মোঃ হুমায়ুন খালিদ ভূইয়া, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), সাগরদিঘী উচ্চ বিদ্যালয়।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।


বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা


২০/১১/১৯